

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(আইন অধিশাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ২১ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/৫ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর. ও. নং ১৯৭-আইন/২০২০।—The Protection and Conservation of Fish Act, 1950 (E.B. Act No. XVIII of 1950) এর section 3 এর sub-section (3) এর clause (iii), Protection and Conservation of Fish Rules, 1985 এর rule 12 এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার—


- (ক) ইলিশ আহরণের জন্য ৬.৫ সেন্টিমিটার (২.৬ ইঞ্চি) অপেক্ষা ছোট ফাঁসবিশিষ্ট নিম্নবর্ণিত সারণির কলাম ১, ২ ও ৩ এ উল্লিখিত, যে নামেই অভিহিত হউক না কেন, সকল জালের ব্যবহার নিষিদ্ধ করিল;
- (খ) ইলিশ আহরণের জন্য ব্যবহৃত জালের ফাঁসের সর্বনিম্ন আকারের ক্ষেত্রে নিম্নবর্ণিত সারণির কলাম ৪ এ বর্ণিত পরিমাপ নির্ধারণ করিল।

(৭৩৪৯)

মূল্য : টাকা ৪.০০

সারণি

[ইলিশ আহরণের জন্য ব্যবহৃত জালের তালিকা ও ফাঁস পরিমাপ পদ্ধতি]

জালের প্রকার	প্রচলিত নাম	স্থানীয় নাম	ফাঁস পরিমাপের পদ্ধতি
ফাঁস জাল (Gill net)	ফাঁস জাল	১। জিরো সুতার জাল ২। দুই সুতার জাল ৩। তিন সুতার জাল ৪। নাইলন জাল ৫। সুতার জাল ৬। জাল ৭। ভাসান জাল ৮। ইলিশ/ইলিশে জাল ৯। পকেট/পোকা জাল ১০। চান্দী/হান্দী জাল ১১। কোনা জাল ১২। গুলতি/খোটা জাল ১৩। সাইন জাল ১৪। ১- ১৩ নং তালিকায় উল্লিখিত জালের অনুরূপ ইলিশ আহরণের যে কোন নামের জাল।	একটি ফাঁসের দুটি বিপরীত প্রান্ত বিপরীতমুখীভাবে টানিয়া নিচের চিত্র অনুসারে পরিমাপ করিতে হইবে। 

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হামিদুর রহমান
যুগ্মসচিব।